গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
মেরামত শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

স্মারকনং-৫৯.০০.০০০০.১৩০.২০.০০১.২৬.৮৩

তারিখঃ ০২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা

বিষয়ঃ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২০২৬-২৭ অর্থবছরে "অন্যান্য ভবন ও স্থাপনা" খাতে মেরামত ও সংস্কার কাজের বরাদ্দকৃত অর্থ ছাড়ের মঞ্জুরী জ্ঞাপন

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পত্র নং-০৭.১০৪.০২০.৭৪০১.০০৩.২০২৬-২৭৪, তারিখ: ১৪ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২০২৬-২৭ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় (পরিচালন বাজেটের আর্থিক কোড-১৬২০১০১-১৩৩৩২১-৩২৫৮১০৮- এর "অন্যান্য ভবন ও স্থাপনা" খাতে মেরামত ও সংরক্ষণ খাতে বরাদ্দকৃত টাকা হতে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নযোগ্য নিম্নোক্ত ছকে বর্ণিত ৭৮টি মেরামত ও সংস্কার কাজের বিপরীতে ৭২০.৫০ লক্ষ (সাত কোটি বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ব্যয় বিভাজন অনুমোদন ও অর্থ ছাড়ের মঞ্জুরী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ

ক্রম	প্রতিষ্ঠানের নাম	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)
১	ঢাকা মেডিকেল কলেজ	ঢাকা মেডিকেল কলেজের ৮১ তম ডে উদযাপনে মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে পুরাতন একাডেমিক ভবনের জুলাই কর্ণার, অধ্যক্ষের অফিস কক্ষ, ছাত্র সংসদের অফিস কক্ষ ও অধ্যক্ষের কনফারেন্স রুমের এয়ারকুলার নবায়নকরনসহ আনুসাঙ্গিক বৈদ্যুতিক কাজ।	১১.৫০
		উপমোট	**১১.৫০**
২	মানিকগঞ্জ মেডিকেল কলেজ	মানিকগঞ্জ মেডিকেল কলেজের ০৪ তলা বিশিষ্ট ছাত্র হোস্টেল ভবনের অভ্যন্তরীণ ও বহিঃস্থ অকেজো লাইট, বৈদ্যুতিক পাখা, সুইচ-সকেট, ক্যাবল পরিবর্তন সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	৪.০০
		উপমোট	**৪.০০**
৩	কুমিল্লা মেডিকেল কলেজ	কুমিল্লা মেডিকেল কলেজের বেগম খালেদা জিয়া ছাত্রীনিবাসের বৈদ্যুতিক মেরামত করণ কাজ।	৫.০০
৪		কুমিল্লা মেডিকেল কলেজের এনাটমী ভবনের বৈদ্যুতিক মেরামত করণ কাজ।	৫.০০
৫		কুমিল্লা মেডিকেল কলেজের পুরাতন অডিটরিয়ামের নষ্ট একুয়েস্টিক কাজের মেরামত করণ কাজ।	১০.০০
৬		কুমিল্লা মেডিকেল কলেজের অধ্যক্ষ মহোদয়ের অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশন মেরামত কাজ।	৯.০০
৭		কুমিল্লা মেডিকেল কলেজ এর একাডেমিক ও প্রশাসনিক ভবনের ছাদের এক্সপানশন জয়েন্ট সমূহের স্থায়ী মেরামত করণ কাজ।	৮.০০
৮		কুমিল্লা মেডিকেল কলেজের চতুর্থ শ্রেণির স্টাফ কোয়ার্টার এর সিভিল, স্যানিটারিসহ অন্যান্য মেরামত কাজ।	১৫.০০
৯		কুমিল্লা মেডিকেল কলেজের বেগম খালেদা জিয়া ছাত্রী হোস্টেলের সিভিল, স্যানিটারিসহ অন্যান্য মেরামত কাজ।	২০.০০
		উপমোট	**৭২.০০**
১০	সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ	সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ একডেমিক বিল্ডিংয়ের সম্মুখ অংশ, পিছনের অংশসহ অন্যান্য বাহির অংশে রং করণ ও মেরামত কাজ।	১৫.০০
১১		সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ ক্যাম্পাসের প্রফেসরস কোয়ার্টার ভবন নং-০২ এর বাহিরের ও ভিতরে রংকরণ ও সিভিল স্যানিটারী মেরামত কাজ।	১০.০০
১২		সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ এর জেনারেল অফিস রুমে পানি প্রবেশ করণ রোধে ফ্লোর উঁচু করণ সহ অন্যান্য মেরামত করণ কাজ।	১১.০০

১৩		সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ এর প্যাথলজি বিভাগের হিষ্টোপ্যাথলজি ল্যাব, রির্পোটিং রুম আধুনিকায়ন ও সিভিল স্যানিটারী মেরামত কাজ।	১৫.০০
		উপমোট	**৫১.০০**
১৪	কুষ্টিয়া মেডিকেল কলেজ	কুষ্টিয়া মেডিকেল কলেজের একাডেমিক ভবনের ভিতর ও বাইরে রংকরণ সহ স্যানিটারী মেরামত কাজ।	২৫.০০
১৫		কুষ্টিয়া মেডিকেল কলেজের ছাত্র হোস্টেল ভবনের বাইরে রংকরণ সহ স্যানিটারী মেরামত কাজ।	১০.৫০
১৬		কুষ্টিয়া মেডিকেল কলেজের ছাত্রী হোস্টেল ভবনের বাইরে রংকরণ সহ স্যানিটারী মেরামত কাজ।	১০.৫০
১৭		কুষ্টিয়া মেডিকেল কলেজের শহীদ মিনার এর কাজ সমাপ্তকরণ।	৭.৫০
		উপমোট	**৫৩.৫০**
		মোট	**১৯২.০০**

২০২৬-২৭ অর্থ বছরের পরিচালন বাজেটের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ২য় কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য নার্সিং কলেজসমূহের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কাজের তালিকা

ক্রম	প্রতিষ্ঠানের নাম	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)
১৮	নার্সিং কলেজ মিটফোর্ড	নার্সিং কলেজ মিটফোর্ডের তিনতলা প্রশাসনিক ভবনের অভ্যন্তরীণ রং করণসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	১১.০০
১৯		নার্সিং কলেজ মিটফোর্ড দুইতলা একাডেমিক ভবনের লবি, সিড়িঁঘর এবং বিভিন্ন কক্ষের রংকরণ ও দরজা জানালা মেরামতসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	৮.০০
২০		প্রশাসনিক ভবনের বিভিন্ন ফ্লোরের টয়লেট ব্লকসমূহ সংস্কারসহ আনুষঙ্গিক সিভিল স্যানেটারী মেরামত কাজ।	৮.০০
২১		নার্সিং কলেজ মিটফোর্ডের গ্যারেজের টিন পরিবর্তনসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	৫.৫০
২২		নার্সিং কলেজের ছাত্রী হোস্টেল-২ এর বিভিন্ন ফ্লোর এর স্যানিটারী ফিটিংস নবায়ন/মেরামত করণ কাজ।	৮.০০
২৩		নার্সিং কলেজের ছাত্রী হোস্টেল-১ এর বিভিন্ন ফ্লোর এর স্যানিটারী ফিটিংস নবায়ন/মেরামত করণ কাজ।	৬.৫০
২৪		নার্সিং কলেজের একাডেমীক ভবনের বিভিন্ন ফ্লোর এর স্যানিটারী ফিটিংস নবায়ন/মেরামত করণ কাজ।	৭.০০
		উপমোট	**৫৪.০০**
২৫	মুন্সীগঞ্জ নার্সিং ইনস্টিটিউট	মুন্সীগঞ্জ নার্সিং ইনস্টিটিউট এর একাডেমিক ভবন ও হোস্টেল ভবন এবং আবাসিক ভবনের পুরাতন ফ্যান, লাইট, সকেট, পরিবর্তনসহ বৈদ্যুতিক মেরামত করণ কাজ।	৫.৫০
২৬		মুন্সীগঞ্জ নার্সিং ইনস্টিটিউট এর বৈদ্যুতিক ট্রান্সমিটারটি পরিবর্তন করণ সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	৫.০০
		উপমোট	**১০.৫০**
২৭	পটুয়াখালী নার্সিং ইনস্টিউট	পটুয়াখালী নার্সিং ইনস্টিউট এর সীমানা প্রাচীরের প্লাস্টার ও রং করণসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	৭.০০
২৮		পটুয়াখালী নার্সিং ইনস্টিউট এর ছাত্রী হোস্টেল ভবনের টয়লেট ও বাথরুম এর সংস্কার ও চৌকাঠ পাল্লা পরিবর্তনসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	১০.০০
২৯		পটুয়াখালী নার্সিং ইনস্টিউট এর একাডেমিক ভবনের জানালার গ্রীল, থাই গ্লাস পরিবর্তন, ভিতর ও বাহিরে রং করণসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	১২.০০
৩০		পটুয়াখালী নার্সিং ইনস্টিউট এর ছাত্রী হোস্টেল ভবনের নীচ তলার প্রধান গেটের পার্শ্বের গ্রীল পরিবর্তন, কলাপসিবল গেট স্থাপনসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	৭.৫০
৩১		পটুয়াখালী নার্সিং ইনস্টিউট এর ছাত্রী হোস্টেল ভবনের বিভিন্ন ফ্লোরে পুরাতন বৈদ্যুতিক তার পরিবর্তন করে নতুন বৈদ্যুতিক তার ও এমসিবি/এসডিবি বোর্ড স্থাপনসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	৯.৫০
৩২		পটুয়াখালী নার্সিং ইনস্টিউট এর একাডেমিক ভবনের অডিটরিয়াম রুমে বৈদ্যুতিক তার, কন্ট্রোল বোর্ড, লাইট ও সিলিং ফ্যান স্থাপনসহ আনুষঙ্গিক মেরামত কাজ।	৯.৫০
৩৩		পটুয়াখালী নার্সিং ইনস্টিউট এর এলটি ওভারহেড লাইনের মেরামত, নিরাপত্তা বাতি স্থাপন সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক মেরামত করণ কাজ।	৬.৫০
		উপমোট	**৬২.০০**
৩৪	বরগুনা নার্সিং ইনস্টিটিউট	বরগুনা নার্সিং ইনস্টিটিউটের ছাত্রী হোস্টেলের ৩য় তলার ছাদে উত্তর-পূর্ব পাশে টয়লেট সংস্কার সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	১০.০০

৩৫		বরগুনা নার্সিং ইনস্টিটিউট, নষ্ট হওয়া পানি সরবরাহ লাইন পরিবর্তন করে নতুন লাইন করণ সহ আনুষঙ্গিক সিভিল স্যানেটারি মেরামত কাজ।	৬.০০
		উপমোট	**১৬.০০**
৩৬	নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, ভোলা।	নার্সিং ও মিডওয়াইফারি কলেজ ভোলার সাবস্টেশনে ট্রান্সফর্মার সার্ভিসিং, এলটি ও পিএফআই সার্ভিসিং, আর্থিং করণ সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক মেরামত কাজ।	৮.০০
৩৭		নার্সিং ও মিডওয়াইফারি কলেজ ভোলার হোস্টেল সমূহের পুরাতন ফিটিং ফিক্সার পরিবর্তন করে নতুন স্থাপন সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	৬.০০
৩৮		নার্সিং ও মিডওয়াইফারি কলেজ ভোলার অভ্যন্তরীণ ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক খুটি পরিবর্তন সহ আনুষঙ্গিক কাজ।	৫.০০
		উপমোট	**১৯.০০**
৩৯	ঝালকাঠি নার্সিং কলেজ	ঝালকাঠি জেলা নার্সিং কলেজ ক্যাম্পাসে মাটি ভরাট করণ কাজ।	৫.৫০
৪০		অধ্যক্ষ, ঝালকাঠি নার্সিং কলেজ এর অফিস রুমে আধুনিকায়নসহ সংস্কার কাজ।	৮.০০
		উপমোট	**১৩.৫০**
৪১	সাতক্ষীরা নার্সিং ও মিডওয়াইফারি কলেজ	সাতক্ষীরা নার্সিং ও মিডওয়াইফারি কলেজে এর পানির সমস্যা নিরসনে একটি গভীর নলকূপ স্থাপনসহ মূলভবনে ওভারহেড ট্যাংক সরবরাহসহ পানির পরিবর্তন কাজ।	১০.০০
৪২		সাতক্ষীরা নার্সিং ও মিডওয়াইফারি কলেজে এর জরাজীর্ণ ইন্সট্রাক্টর কোয়ার্টারের পুরাতন ঘুনে ধরা কাঠের দরজা, জানালা পরিবর্তন, থাই জানালা স্থাপনসহ আনুষঙ্গিক কাজ।	১২.০০
৪৩		সাতক্ষীরা নার্সিং ও মিডওয়াইফারি কলেজে এর জরাজীর্ণ ইন্সট্রাক্টর কোয়ার্টারের ১ম হতে ৪র্থ তলার ধ্বসে পড়া ছাদ নবায়ন, সংস্কার ও মেরামত কাজ।	১০.৫০
৪৪		সাতক্ষীরা নার্সিং ও মিডওয়াইফারি কলেজে এর জরাজীর্ণ ইন্সট্রাক্টর কোয়ার্টারের বৈদ্যুতিক ফিটিংস, ফিক্সার, সুইচ-সকেট, লাইট, ফ্যান পরিবর্তন ও সিকিউরিটি লাইন স্থাপনসহ প্রয়োজনীয় বৈদ্যুতিক মেরামত কাজ।	৫.৫০
		উপমোট	**৩৮.০০**
৪৫	ঝিনাইদহ নার্সিং ইনস্টিটিউট	ঝিনাইদহ নার্সিং ইনস্টিটিউট এর গাড়ী গ্যারেজ মেরামত রং করণ কাজ।	২.০০
৪৬		ঝিনাইদহ নার্সিং ইনস্টিটিউট এর রন্ধনশলা মেরামত কাজ।	১০.০০
৪৭		ঝিনাইদহ নার্সিং ইনস্টিটিউট এর মূল ভবনের ছাদে পানি পড়া রোধ সহ আনুষঙ্গিক মেরামত কাজ।	৮.০০
৪৮		নার্সিং ইনস্টিটিউট ঝিনাইদহের অবশিষ্ট লিংক রোডগুলি উঁচুকরিয়া আরসিসি করণ কাজ।	২০.০০
		উপমোট	**৪০.০০**
৪৯	জয়পুরহাট নার্সিং ইনস্টিটিউটে	জয়পুরহাট নার্সিং ইনস্টিটিউটের কনফারেন্স ও ইনচার্জের রুমের আধুনিকায়ন কাজ।	১২.৫০
৫০		জয়পুরহাট নার্সিং ইনস্টিটিউটের ইনচার্জ রুম, কনফারেন্স রুম, কম্পিউটার ল্যাব রুম, স্কিল ল্যাব, ফান্ডারমেন্টাল ল্যাব ও লাইব্রেরী রুমে দরজা ও জানালায় থাই করণ কাজ।	৭.৫০
৫১		জয়পুরহাট নার্সিং ইনস্টিটিউটের ভবনের মাঝের অংশে পেভমেন্ট টাইলস ও ড্রেনের উপরে স্লাব স্থাপন কাজ।	৭.৫০
৫২		জয়পুরহাট নার্সিং ইনস্টিটিউটের একাডেমিক ও হোস্টেলে ভবনে স্যানিটারী ফিটিংস স্থাপন ও মেরামতসহ একাডেমিক ও হোস্টেল ভবনে ০৫টি পানির ফিল্টার স্থাপন কাজ।	৩.০০
৫৩		জয়পুরহাট নার্সিং ইনস্টিটিউটের ভবনের দক্ষিণ পাশে এস এস গ্রীল স্থাপন ও কলাপসিবল গেট মেরামত কাজ।	৮.০০
		উপমোট	**৩৮.৫০**
৫৪	রংপুর নার্সিং কলেজ	রংপুর নার্সিং কলেজ, রংপুর এর ৫ তলা ছাত্রী হোস্টেল (ফ্লোরেন্স হোস্টেল-২) এর জরুরী বৈদ্যুতিক মেরামত কাজ।	৫.০০
		উপমোট	**৫.০০**
৫৫	কুড়িগ্রাম নার্সিং ইনস্টিটিউট	গণপূর্ত বিভাগ কুড়িগ্রামের আওতাধীন নার্সিং ইনস্টিটিউট কুড়িগ্রামের পুরাতন ভবনের সিভিল, স্যানেটারী মেরামত কাজ।	৬.০০
৫৬		গণপূর্ত বিভাগ কুড়িগ্রামের আওতাধীন নার্সিং ইনস্টিটিউট , কুড়িগ্রামের পূর্ব অংশের সীমানা প্রাচীর উঁচুকরণ ও সংস্কার কাজ।	৩.০০
৫৭		গণপূর্ত বিভাগ কুড়িগ্রামের আওতাধীন নার্সিং ইনস্টিটিউট কুড়িগ্রামের চার তলা ভবনের সিভিল, স্যানেটারী মেরামত কাজ।	৪.৫০
৫৮		গণপূর্ত বিভাগ কুড়িগ্রামের আওতাধীন নার্সিং ইনস্টিটিউট কুড়িগ্রামের পুরাতন ও নতুন ভবনের বৈদ্যুতিক মটর, লাইট, ফ্যান মেরামতসহ অন্যান্য বৈদ্যুতিক কাজ।	৩.৫০
		উপমোট	**১৭.০০**
৫৯	নার্সিং ইনস্টিটিউট, পঞ্চগড়	নার্সিং ইনস্টিটিউট, পঞ্চগড় এর একাডেমিক ভবনের জরুরী সিভিল স্যানিটারী মেরামত কাজ।	৮.০০

৬০		পঞ্চগড় নার্সিং ইনস্টিটিউট ভবনে নষ্ট লাইট-ফ্যান পরিবর্তন, এসি মেরামত ও মেরামত অযোগ্য আইপিএস পরিবর্তন কাজ সহ প্রয়োজনীয় বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজ।	৫.০০
৬১		পঞ্চগড় নার্সিং ইনস্টিটিউটে বজ্রনিরোধক সিস্টেম স্থাপন, ট্রান্সফর্মার রক্ষণাবেক্ষণ সহ প্রয়োজনীয় বহিঃস্থ বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজ।	৫.০০
		উপমোট	**১৮.০০**
৬২	চট্টগ্রাম আঞ্চলিক নার্সিং ও মিডওয়াইফারি ট্রেনিং ইনস্টিটিউট	চট্টগ্রাম আঞ্চলিক নার্সিং ও মিডওয়াইফারি ট্রেনিং ইনস্টিটিউটের টাইলস, গ্রীলসহ থাই এ্যালুমিনিয়ামসহ সিভিল ও স্যানিটারী কাজের আনুষঙ্গিক মেরামত কাজ।	২০.০০
৬৩		চট্টগ্রাম আঞ্চলিক নার্সিং ও মিডওয়াইফারি ট্রেনিং ইনস্টিটিউটের সীমানা প্রাচীরের ওয়াল ও গ্রীলসহ বিশেষ মেরামত কাজ।	৮.০০
৬৪		চট্টগ্রাম আঞ্চলিক নার্সিং ও মিডওয়াইফারি ট্রেনিং ইনস্টিটিউটের কাম হোস্টেল ভবন ও রেস্ট হাউজের ছাদের বিশেষ মেরামত কাজ।	১৫.০০
৬৫		চট্টগ্রাম আঞ্চলিক নার্সিং ও মিডওয়াইফারি ট্রেনিং ইনস্টিটিউটের অভ্যন্তরীণ রাস্তার মেরামত কাজ।	১০.০০
		উপমোট	**৫৩.০০**
৬৬	কক্সবাজার নার্সিং ও মিডওয়াইফারি কলেজ	কক্সবাজার নার্সিং ও মিডওয়াইফারি কলেজের ছাত্রী হোস্টেলের পুরাতন জানালা লবির পুরাতন এমএস গ্রীল পরিবর্তন, ডাইনিং রুম ও হোস্টেল কক্ষসমূহের ২য় ও ৩য় তলার ভেতরের দিকের পুরাতন ব্যবহার অনুপযোগী এমএস জানালা সমূহ পরিবর্তন করে থাই এ্যালুমিনিয়াম জানালা স্থাপন, ছাদের পানি চুয়ানো বন্ধের জন্য ছাদে ওয়াটারপ্রুফ ট্রিটমেন্ট, ভবনের ভিতরের লবিতে রংকরণ ও বাহিরের দিকে রংকরণ এবং টিনশেড রান্নাঘরের পুরাতন টিন পরিবর্তনসহ জরুরী সিভিল ও স্যানিটারী মেরামত কাজ।	২৫.০০
৬৭		কক্সবাজার নার্সিং ও মিডওয়াইফারি কলেজের স্টাফ কোয়ার্টার ভবনের ছাদে পানি চুয়ানো বন্ধকরণের জন্য ছাদের ওয়াটারপ্রুফ ট্রিটমেন্ট, প্যারাপেট ওয়াল সংস্কার, ভবনের ভিতরে ও বাহিরে রংকরণ, অকেজো স্যানিটারী ফিটিংস সমূহ পরিবর্তনসহ আনুষঙ্গিক সিভিল ও স্যানিটারী মেরামত কাজ।	৭.৫০
৬৮		কক্সবাজার নার্সিং ও মিডওয়াইফারি কলেজের একাডেমিক ভবনের ছাদের পানি চুয়ানো বন্ধের জন্য ছাদে ওয়াটার প্রুফ ট্রিটমেন্ট সহ ভবনের ভিতর ও বাহিরের দিকে রংকরণ, বিদ্যমান টিনশেড গ্যারেজের ভিতরে বাহিরে প্লাস্টার ও রংকরণসহ টিন পরিবর্তন এবং গেইটে রংকরণসহ আনুষঙ্গিক সিভিল ও স্যানিটারী মেরামত কাজ।	১৩.৫০
৬৯		কক্সবাজার নার্সিং ও মিডওয়াইফারি কলেজের একাডেমিক ভবন, ছাত্রী হোস্টেল ও কোয়ার্টার ভবনে শুষ্ক মৌসুমে পানি সংকট নিরসনের জন্য একটি গভীর নলকূপ স্থাপন, সাবমারসিবল পাম্প মোট (স্ট্যান্ডবাইসহ) ও ১টি পুরাতন সেন্ট্রিফিউগাল পাম্প মটর পরিবর্তন এবং নতুনভাবে ডিস্ট্রিবিউশন লাইন সহ অন্যান্য আনুষঙ্গিক কাজ।	১৮.৫০
		উপমোট	**৬৪.৫০**
৭০	রাঙ্গামাটি নার্সিং ইনস্টিটিউট	রাঙ্গামাটি নার্সিং ইনস্টিটিউট এর অভ্যন্তরীণ সংযোগ রাস্তা মেরামত ও মূল ফটকে গেইট নির্মাণ কাজ।	১০.৫০
৭১		রাঙ্গামাটি নার্সিং ইনস্টিটিউট এর বাথরুম ও টয়লেটের নষ্ট হওয়া দরজা পরিবর্তন সহ সিভিল-স্যানিটারি মেরামত কাজ।	১৮.৫০
৭২		রাঙ্গামাটি নার্সিং ইনস্টিটিউট এর রান্নাঘর ও ডাইনিং রুমের সংস্কার কাজ।	৫.০০
৭৩		রাঙ্গামাটি নার্সিং ইনস্টিটিউট ভবনের রান্নাঘরের ছাদের স্কিডিংকরণ, স্যানিটারি মেরামত ও ছাদে পেরাপেটে রেলিং স্থাপন কাজ।	১৬.০০
		উপমোট	**৫০.০০**
৭৪	ফেনী নার্সিং ও মিডওয়াইফারি কলেজ	ফেনী নার্সিং ও মিডওয়াইফারি কলেজ এর ছাত্রী হোস্টেল ভবনের ছাদের পানি পড়া বন্ধ করণসহ সিভিল স্যানেটারী মেরামত কাজ।	১১.৫০
৭৫		নার্সিং ও মিডওয়াইফারি কলেজ এর ছাত্রী হোস্টেল ভবনের বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজ।	৫.০০
৭৬		নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, ফেনীর ক্যাম্পাসে নিরবচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে একটি ৭.৫ অশ্বশক্তি সম্পন্ন সাবমারসিবল পাম্প স্থাপন সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	৪.০০
		উপমোট	**২০.৫০**
৭৭	নার্সিং মিডওয়াইফারি কলেজ, নোয়াখালী	নার্সিং মিডওয়াইফারি কলেজ, নোয়াখালী এর হোস্টেল ভবনের অকেজো লাইট, ফ্যান পরিবর্তন সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক মেরামত ও সংস্কার কাজ।	৪.৫০
৭৮		নার্সিং মিডওয়াইফারি কলেজ, নোয়াখালী এর একাডেমিক ভবনের অকেজো লাইট, ফ্যান পরিবর্তন এবং পাম্প মোটর মেরামত সহ আনুষঙ্গিক বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ কাজ।	৪.৫০
		উপমোট	**৯.০০**
		মোট	**৫২৮.৫০**
		সর্বমোট	**৭২০.৫০**

শর্তসমূহঃ

(১) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2025 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

২) এ অর্থ দ্বারা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৮/০৯/২০২৬ তারিখের ৫৯.০০.০০০০.১৩০.২০.০০১.২৬-৭৫ নম্বর স্মারকে প্রস্তাবিত কাজ বহির্ভূত কোন কাজ করা যাবে না;

(৩) প্রস্তাবিত কাজের দ্বৈততা (duplication/overlapping) না হওয়ার বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় নিশ্চিত করবে;

(৪) এ অর্থ দ্বারা চলমান প্রকল্প বা অপারেশনাল প্ল্যানের আওতাভুক্ত কোন নির্মাণ বা মেরামত কাজ সম্পন্ন করা যাবে না;

(৫) এ অর্থ দ্বারা শুধুমাত্র মেরামত কাজ করা যাবে, কোন প্রকার মূলধন সামগ্রী ক্রয় বা মূলধন প্রকৃতির কোন কাজ করা যাবে না;

(৬) সম্পাদিত কাজের বিস্তারিত বিবরণী বছর শেষে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে;

(৭) টিওএন্ডই বহির্ভুক্ত কাজের বিপরীতে অর্থ ব্যয় করা যাবে না;

(৮) এ অর্থ দ্বারা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন নির্মাণ বা মেরমাত কাজ করা যাবে না;

(৯) অর্থ বিভাগের ১৮/০১/২০১০ তারিখের অম/অবি/বা-১/বিবিধ(৩৮)/২০০৭/১০ নং পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(১০) অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসহ কাজ বাস্তবায়ন ও অর্থ ব্যয়কারী সংস্থা দায়ী থাকবে;

(১১) হিসাব প্রদানের পূর্বে প্রাক নিরীক্ষা আবশ্যক;

(১২) অনুমোদিত কাজ যথাযথভাবে সম্পাদিত হয়েছে মর্মে মেরামত সংশ্লিষ্ট স্থানীয় দপ্তর/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নিশ্চিত করতে হবে;

(১৩) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ/সরকারি কোষাগারে জমা করতে হবে;

(১৪) অর্থ বিভাগ হতে ১৮-০১-২০১০ তারিখ জারীকৃত পরিপত্র নম্বর অম/অবি/বা-১/বিবিধ (৩৮)/২০০৭/১০ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(১৫) কাজ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ স্থাপনা সংশ্লিষ্ট স্থানীয় স্বাস্থ্য প্রতিষ্ঠান/দপ্তর প্রধানকে কার্যাদেশ ও দরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণ নিশ্চিত করবেন;

(১৬) স্বাস্থ্য স্থাপনা সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠান প্রধান নিয়মিতভাবে মেরামত কাজ তদারক ও পরিদর্শন করবেন এবং চূড়ান্ত বিল প্রদানের পূর্বে কাজের মান, পরিমাণ, সংখ্যা ইত্যাদি প্রাক্কলন অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন হয়েছে মর্মে লিখিত প্রত্যয়ন প্রদান করবেন। লিখিত প্রত্যয়ন ব্যতীত কোন বিল পরিশোধ করা যাবে না;

(১৭) কাজ বাস্তবায়ন শেষে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পন্ন হয়েছে কিনা এবং কাজের গুণগতমান সঠিক আছে কিনা তা উল্লেখপূর্বক পরিদর্শন প্রতিবেদন দপ্তর/প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট উর্ধ্বতন কতৃর্পক্ষের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবেন; সন্তোষজনকভাবে কাজ সমাপ্তির প্রতিবেদন পাওয়া না গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পরবর্তীতে মেরামত/সংস্কার/নির্মাণ কাজে নতুন কোন অর্থ বরাদ্দ দেয়া হবে না এবং পরবর্তী বরাদ্দকৃত অর্থের হিস্যা গ্রহণে এ বিভাগ হতে প্রয়োজনীয় তদন্ত করা হবে;

(১৮) বরাদ্দকৃত অর্থ মিতব্যয়িত, দুরদর্শিতা ও বিচক্ষণতার সাথে ব্যয় করতে হবে;

(১৯) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের BPPA এর ১১/১০/২০১৮ খ্রিঃ তারিখের ১৫৬ নং পরিপত্রের নির্দেশনার আলোকে কাজের মেরামত পূর্ব ও মেরামত পরবর্তী স্থির এবং ভিডিও চিত্র ধারণ করতে হবে। ধারণকৃত স্থির ও ভিডিও চিত্র যে কোন সময় উর্ধ্বতন কতৃর্পক্ষের অবলোকন ও যাচাইয়ের জন্য প্রস্তুত রাখতে হবে। ইহা কাজ করা/ না কারার গুরুত্বপূর্ণ প্রমাণক হিসেবে সংরক্ষণ করা বাধ্যতামূলক। চলমান কাজের ধারণকৃত স্থির ও ভিডিও চিত্র **এ বিভাগের উপসচিব (মেরামত) বরাবর প্রেরণ করতে হবে;**

(২০) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী দরপত্র বিজ্ঞপ্তি ও কার্যাদেশের কপি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন;

(২১) এক অর্থবছরের কাজ পরবর্তী অর্থবছরে সম্পাদনযোগ্য নয়;

(২২) একই কাজে দুইবার অর্থ বরাদ্দ হয়ে থাকলে বা একাধিক দপ্তর হতে অর্থ বরাদ্দ হয়ে থাকলে একটি বরাদ্দের অর্থ দ্বারা প্রস্তাবিত ও অনুমোদিত কাজ সম্পাদন করে অতিরিক্ত অর্থ সরকারি কোষাগারে নির্ধারিত কোডে জমা প্রদানপূর্বক চালানের সত্যায়িত কপি এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(২৩) ই-জিপি'র মাধ্যমে দরপত্র/ক্রয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(২৪) ব্যবহারকারী কর্তৃপক্ষের কাজ সম্পাদনের প্রত্যয়নসহ আবশ্যিকভাবে বি না ব্যর্থতায় মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে;

(২৫) জেলা প্রশাসক ও প্রত্যাশি প্রতিষ্ঠান প্রধানগণ তাঁর জেলার আওতাধীন এ বিভাগের সকল সংস্থার মেরামত ও সংস্কার কাজ তদারকি করবেন;

(২৬) উপজেলা নির্বাহী অফিসার তাঁর উপজেলার আওতাধীন এ বিভাগের সকল সংস্থার মেরামত ও সংস্কার কাজ তদারকি করবেন;

(২৭) অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজের পরিমাণ, সংখ্যা, মান ইত্যাদি সন্তোষজনকভাবে সম্পাদিত হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার লিখিত প্রত্যয়ন গ্রহণ না করে ঠিকাদারের অনুকূলে কোনভাবেই অর্থ ছাড় করা/চূড়ান্ত বিল প্রদান করা যাবে না;

(২৮) ক্রয়কারী/বিল পরিশোধকারী উল্লিখিত ব্যয়ের যাবতীয় অডিটযোগ্য নথি পত্রাদি সংরক্ষণ করবেন;

(২৯) সংশ্লিষ্ট অধিদপ্তরের মহাপরিচালকগণ তাদের আওতাধীন প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার কাজ তদারকি করবেন; এবং

(৩০) প্রশাসনিক আদেশ প্রাপ্তির ০৩ কার্যদিবসের মধ্যে অনুমোদিত কাজের দরপত্র আহ্বান করতে হবে।

০২। **৭৮টি কাজের বিপরীতে মঞ্জুরিকৃত-৭২০.৫০ লক্ষ (সাত কোটি বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে ন্যস্ত করা হলো।**

০৩। **এতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের** ১৪ অক্টোবর **২০২৬ তারিখের ০৭.১০৪.০২০.৭৪০১.০০৩.২০২৬-২৭৪ নং স্মারকমূলে সম্মতি রয়েছে।**

১৪.১০.২০২৬

(মো: আবুল বশার)
উপসচিব
ফোনঃ ০২-৯৫৪৫৭৩২
ইমেইল:repair@mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৩০.২০.০০১.২৬.৮৩

তারিখঃ ০২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা'র অনুকূলে পৃষ্ঠাঙ্কন করার জন্য অর্থ বিভাগ, বাজেট-৪ শাখা বরাবর প্রেরণ করা হলো।

১৮.১০.২০২৬

(মো: আবুল বশার)
উপসচিব

স্মারক নং- **০৭.১০৪.০২০.৭৪০১.০০৩.২০২৬.**

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এর সম্মতি রয়েছে।

উপসচিব (বাজেট-৪)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

স্মারক নং-৫৯.০০.০০০০.১৩০.২০.০০১.২৬.৮৩

তারিখঃ ০২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/নিপোর্ট, ঢাকা।

৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, পূর্ত ভবন, ঢাকা (iBAS^{++} System এ এন্ট্রি করার জন্য ফিল্ডকোডের বিপরীতে টাকার পরিমাণ উল্লেখসহ প্রয়োজনীয় তথ্য এ বিভাগের বাজেট-১ শাখায় প্রেরণের অনুরোধসহ)

৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা (iBAS^{++} System এ এন্ট্রি করার অনুরোধসহ)

৭। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা).....

৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,..... বিভাগ

৯। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। অধ্যক্ষ/উপপরিচালক (পরিবার পরিকল্পনা)/তত্ত্বাবধায়ক,.....

(ক) স্পেসিফিকেশন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমাণসম্পন্ন মালামাল ব্যবহার করে খাতভিত্তিক কাজ সম্পন্ন করা হয়েছে কি না; খ) কাজ শুরুর পূর্বের ও কাজ সমাপ্তির পরের ভিডিওচিত্র (Pre-work ও Post-work Survey Report) সংরক্ষণ করা হয়েছে কি না (কপি সংযুক্ত করতে হবে); গ) যে কাজের জন্য অর্থ বরাদ্দ দেয়া হয়েছে সে কাজ ব্যতীত অন্য কোন কাজে বরাদ্দকৃত অর্থ খরচ করা হয়েছে কি না; এবং ঘ) বরাদ্দকৃত অর্থের বিপরীতে সম্পাদিত কাজের পরিমাণ সন্তোষজনক মর্মে দৃশ্যমাণ হয়েছে কি না; ইত্যাদি তথ্যসম্বলিত কাজসম্পাদন সনদ তত্ত্বাবধায়ক কমিটির কাছ থেকে সংগ্রহ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে অবহিত/প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)

১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সার্কেল- ১/২/৩/৪/৫/৬/৭/৮, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,.....জেলা

১৩। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,.....

১৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (আদেশটি মন্ত্রণালয় ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬। যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। অফিস কপি।

১৮.১০.২০২৬

মো: আবুল বশার
উপসচিব